

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) কার্যক্রম

মন্ত্রণালয়/বিভাগের নাম: প্রতিরক্ষা মন্ত্রণালয়

মাসের নাম: ডিসেম্বর ২০২০

মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
প্রতিরক্ষা মন্ত্রণালয়	৫টি	১টি	১। গত ৩ ডিসেম্বর ২০২০ তারিখে অনলাইনে বাংলাদেশ সেনা, নৌ বিমান, এমইএস এর চাকুরি নিয়মিতকরণ সংক্রান্ত বিষয়ে একটি অভিযোগ পাওয়া গিয়েছে। উক্ত অভিযোগে উল্লেখ করা হয়েছে যে, অনেক কর্মচারী ৩০/৩৫ বছর চাকুরি করে পেনশন ছাড়া শূন্য হাতে বাড়ি চলে যায়। অনেক লোক সিপি হিসেবে প্রবেশ করে পেনশন পাচ্ছে কিন্তু বর্তমানে এই কার্যক্রম বন্ধ রয়েছে। মানবিক কারণে পেনশনভুক্ত করার জন্য অভিযোগকারী তার চাকুরি নিয়মিতকরণের জন্য আবেদন করেছেন।	৪টি	১। প্রাপ্ত অভিযোগে অজ্ঞাতনামা অভিযোগকারী তার চাকুরি নিয়মিতকরণের মাধ্যমে পেনশনভুক্তকরণের আবেদন করলেও তার নাম, পদবী ও ঠিকানা ইত্যাদি উল্লেখ করেননি। সে কারণে অভিযোগটি নিষ্পত্তি সম্ভব নয় বিবেচনায় নথিজাত করা হয়েছে। ২। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ জনাব মোঃ আবুল বাসার এর বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর মাধ্যমে অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি সহকারী আবহাওয়াবিদ জনাব মোঃ আবুল বাসার কর্তৃক চাকুরি দেওয়ার প্রতিশ্রুতি ও অর্থ আদ্বসাৎসহ প্রতারণামূলক কর্মকান্ডের অভিযোগ সংক্রান্ত। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। সর্বশেষ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী চাকুরি থেকে বরখাস্তকরণের বিষয়ে গত ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে সরকারি কর্মকমিশনের পরামর্শ চাওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি সরকারি কর্মকমিশন থেকে পরামর্শ পাওয়া যায়নি।

				<p>৩। গত ১৮ অক্টোবর ২০২০ তারিখে অনলাইনে অভিযোগ পাওয়া গিয়েছে। বিষয়টি সাধারণ ক্ষমা করে, চাকুরিতে বহাল সংক্রান্ত। অভিযোগকারী জনাব জনি সৈনিক নং ৪০৪৬৮৯১ বাংলাদেশ সেনাবাহিনীর একজন সদস্য ছিলেন। অভিযোগে বলা হয়েছে যে, প্রায় ৫ বছর চাকুরি করার পর একটি ভুলের জন্য তাঁকে চাকুরিচ্যুত করা হয়। ৫ বছরে জমা টাকার কিছুই তিনি পাননি। অভিযোগকারী রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর কাছে সাধারণ ক্ষমা প্রার্থনা করেন এবং তার ভুল ক্ষমা করে পুনরায় চাকুরিতে বহাল করার জন্য আবেদন জানান। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে ই-ফাইলের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের নিকট মতামত চাওয়া হয়েছে।</p> <p>৪। গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনলাইনে চাকুরি স্থায়ীকরণের বিষয়ে একটি অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন Military Engineer Services (MES) এর কর্মচারী জনাব মোঃ সাইফুল ইসলাম তাঁর চাকুরি স্থায়ী করা হচ্ছে না মর্মে অভিযোগ করেন। ৩০ বছর চাকুরি করে হাজার হাজার লোক খালি হাতে বিদায় নিচ্ছে, তার উপর এখন আবার মাষ্টার রোল চাকুরি দেওয়া হচ্ছে। গত ৩/৪ বছরে অভিযোগকারীর কোন বেতন ভাতা বাড়ানো হচ্ছেনা, তিনি প্রাথমিক অবস্থায় চাকুরীতে প্রবেশের যে বেতন পেতেন এখনো সেটাই পান। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর হতে মতামত চাওয়া হয়েছে।</p> <p>৫। গত ৩ ডিসেম্বর ২০২০ তারিখে অনলাইনে চাকুরি স্থায়ীকরণের বিষয়ে একটি অভিযোগ পাওয়া গিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন Military Engineer Services (MES) এ কর্মরত</p>
--	--	--	--	---

					জনাব মোঃ রাসেল শেখ তার অভিযোগে উল্লেখ করা করেন যে, চাকুরি স্থায়ী না হওয়ায় তিনি মানবের জীবনযাপন করছে। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট দপ্তর হতে মতামত চাওয়া হয়েছে।
--	--	--	--	--	---

Handwritten signature and date: ১৫/১০/২০

(ড. নুরুন্নাহার চৌধুরী)
যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়